

কংগ্রেসের বিচ্ছিন্নতাবাদী কৌশল

অরুণ জেটলি, রাজ্যসভার বিরোধী দলনেতা

কোন চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে সে সমপর্কে কংগ্রেসের কোনও ধারণা নেই। অর্থনীতিকে কিভাবে চাঙ্গা করা যায় সে প্রশ্নের কোনও উত্তর তাদের কাছে নেই। পাশাপাশি দুর্নীতির যেসমস্ত অভিযোগ তাদের বিরুদ্ধে উঠেছে তার কালিমা ঢাকারও কোনও সদিচ্ছাও তাদের মধ্যে নেই। কিভাবে নরেন্দ্র মোদীকে রাজনৈতিকভাবে মোকাবিলা করা যাবে তারও কোনও ধারণা নেই কংগ্রেসের। যেমন ধারণা নেই কিভাবে তাদের সংগঠনকে মজবুত করা যাবে বা নতুন নেতৃত্ব তৈরি করা যাবে সে সমপর্কেও। তারা একমাত্র বিশ্বাসী মোদীকে সিবিআই এর মাধ্যমে কোনঠাসা করায়, ও তাঁর সমপর্কে কটুক্তি করায়। সামপ্রতিক পরাজয় থেকেও কোনও শিক্ষা নেয়নি কংগ্রেস।

টুজি স্পেকট্রাম বন্টন একটা পাহাড়প্রমাণ দুর্নীতি। যৌথ সংসদীয় কমিটি তৈরী করলেই এই দুর্নীতি ধামাচাপা দেওয়া যাবে বলে মনে করছে কংগ্রেস। এবং এব্যাপারে বিরোধী দলের সাংসদদের নোটও গ্রাহ্য হয়নি। আদর্শ কেলেঙ্কারীতে জনগণের টাকা লুট হয়েছে। মহারাষ্ট্রের কংগ্রেসী মুখ্যমন্ত্রী অশোক চৌহানকে এরজন্য পদত্যাগ করতে হয়েছিল। এখন এসমপর্কে দৃষ্টিভঙ্গী পরিবর্তন করেছে কংগ্রেস।

এক মহিলাকে গুজরাট পুলিশের তুলে নিয়ে যাওয়াকে সামনে আনছে কংগ্রেস। কিন্তু এই মহিলার পরিবারই জানাচ্ছে তাদের অনুরোধে নিরাপত্তার খাতিরে ওই পদক্ষেপ করেছিল গুজরাট পুলিশ। তবে এই দাবিতে সন্তুষ্ট না হয়ে একজন অবসরপ্রাপ্ত বিচারপতিকে দিয়ে ঘটনার তদন্ত করাচ্ছে গুজরাট সরকার। এই কমিসনের কাজ চলছে। কিন্তু দুর্নীতি ও আর্থিক অনিশ্চয়তাকে গুরুত্ব না দিয়ে এখন এই বিষয়টিতে তদন্ত শুরু করেছে গুজরাট সরকার। কিন্তু এই ইস্যুতে তদন্তের সাংবিধানিক অধিকার নেই কেন্দ্রের। দেশ বর্তমানে যে সমস্ত সমস্যায় জর্জরিত সেগুলি সমপর্কে কংগ্রেসের কোনও মাথাব্যথা নেই। তারা ব্যস্ত ক্ষতিকারক রাজনীতির খেলায় ব্যস্ত।

টুজি স্পেকট্রাম কাণ্ডে জেপিসির মোড়কের পরেও দেশের প্রয়োজন এই ইস্যুতে কোনও কমিশন গঠন করে তদন্ত। আদর্শ কেলেঙ্কারীর তদন্তে গঠিত কমিটির সুপারিশ এখনও কার্যকর হয়নি। দোষীরাও সাজা পায়নি। রাজস্থান ও হরিয়ানায় জমি কেলেঙ্কারীরও তদন্ত দরকার। কংগ্রেসের একজন প্রথম সারির নেতা এই কাণ্ডে জড়িত। দুর্নীতির এইসমস্ত ঘটনার সঠিক তদন্ত না করে এগুলি থেকে জনগণের দৃষ্টি ঘোরানোর চেষ্টা করছে কংগ্রেস। এসব তাদের রাজনৈতিক সুবিধা দেবে বলে মনে করা হচ্ছে। কিন্তু বাস্তবে এর দ্বারা কোনও মহৎ উদ্দেশ্য সিদ্ধ হবেনা।